দৈনিক ইত্তেফাক

তারিখ 20 MAY 1987
পৃষ্ঠা ৩ কলাম ১

২১

# শিক্ষা কমিশন সম্পর্কে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন

( বিশ্ববিদ্যালয় রিপোর্টার )

নবগঠিত শিক্ষা কমিশন সম্পর্কে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি প্রফেসর কে, এ, এম শাদ উদ্দিন ও মহাসচিব প্রফেসর সৈয়দ শফিউল্লাহ উদ্বেগ প্রকাশ করিয়াছেন। এক বিবৃতিতে তাহারা বলেন, এই কমিশন গঠনের উদ্দেশ্য আদৌ স্পষ্ট নয়। যাহাদের দ্বারা এই কমিশন গঠিত হইয়াছে তাহাদের সম্পর্কে মোটেও আস্থাবান হওয়া যায় না। সর্বোপরি, শিক্ষা ও শিক্ষাঙ্গন সম্পর্কে সরকার ও সরকারী দলের প্রকাশিত মনোভাবের কার্যকর রূপ দানের উদ্দেশ্যে যদি এই কমিশন গঠিত হইয়া থাকে তাহা হইলে শংকিত হওয়ার কারণ রহিয়াছে। বিবৃতিতে জাতীয় আয়ের শতকরা আট ভাগ শিক্ষাক্ষেত্রে বরাদ্দ করার জন্য ইউনেসকোর যে সুপারিশ রহিয়াছে তাহা অবিলম্বে বাস্তবায়নের দাবী জানানো হয়।